# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১০২২

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১০২. হায়িয (অতিক্রান্ত) হলে মহিলারা সিয়াম কাযা আদায় করবে কিন্তু সালাতের কাযা আদায় করবে না

بَابٌ فِي الْحَائِضِ تَقْضِي الصَّوْمَ وَلَا تَقْضِي الصَّلَاةَ

আরবী

أَخْبَرَنَا سَعِيدُ بْنُ الرَّبِيعِ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ يَزِيدَ الرِّشْكِ قَالَ سَمِعْتُ مُعَاذَةَ عَنْ عَائِشَةَ سَأَلَتْهَا امْرَأَةٌ أَتَقْضِي الْحَائِضُ الصَّلَاةَ قَالَتْ أَحَرُورِيَّةٌ أَنْتِ قَدْ حِضْنَ نِسَاءُ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأَمَرَهُنَّ يَجْزِينَ قَالَ عَبْد اللَّهِ مَعْنَاهُ أَنَّهُنَّ لَا يَقْضِينَ

إسناده صحيح

বাংলা

১০২২. শারীক বলেন, আমি মা’য়াযাহ রাহি. কে বলতে শুনেছি, আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহাকে এক মহিলা এসে জিজ্ঞেস করলো, হায়েযগ্রস্ত মহিলা (পবিত্রতা লাভ করার পর হায়েযকালীন দিনগুলিতে পরিত্যক্ত সালাতসমূহের) কাযা আদায় করবে? তখন আয়িশা বলেন, ’তুমি কি হারুরী (খারিজী)? রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের স্ত্রীগণের কারো হায়েয হতো, তখন তিনি তাদেরকে নির্দেশ দিতেন, যা (কাযা আদায় করা হতে) তাদের জন্য যথেষ্ট হতো।[1]

আব্দুল্লাহ বলেন: এর অর্থ: তারা কাযা আদায় করতেন না।[2]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: সহীহ মুসলিম ৩৩৫ (৬৮); নববী, শরহে মুসলিম ১/৬৩৯ বলেন: এটি সহীহ ব্যাখ্যা।’ পূর্ণ তাখরীজের জন্য দেখুন বিগত ১০১৯, ১০২০, ১০২১, ১০২৬ (অনুবাদে ১০১৩, ১০১৪, ১০১৫, ১০২০) নং হাদীসগুলি।

[2] আগের টীকাটি দেখুন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=76400

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন